

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.৩৪.০৩৪.২০১৬-১০০৬

তারিখঃ ২১/০৮/২০১৬

বিষয় : নদী ও খাল ড্রেজিং সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.০০০০.০৭৮.৪৬.০৩০.১৬.১৪৭(১০), তাং-২৬/০৬/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২১/০৬/২০১৬ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব, জনাব মোঃ আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে নদী ও খাল ড্রেজিং সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :-


সিদ্ধান্ত ০৪(খ)

০৯ (নয়)টি জোনের মধ্যে সকল নদ-নদী ও খালসমূহের পরিসংখ্যান প্রস্তুতপূর্বক যথাক্রমে পানি সম্পদ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ নিজ নিজ অধিক্ষেত্র চিহ্নিত করবে এবং একই সাথে স্ব স্ব জনবল ও যন্ত্রপাতি/ড্রেজার-এর চাহিদা নিরূপণ করবে।

সিদ্ধান্ত ০৪(ছ)

স্থানীয় সরকার বিভাগ ছোট ছোট খাল ড্রেজিং করবে। এজন্য দেশে বিদ্যমান সকল খালের তালিকা তৈরি করতে হবে।

উক্ত সিদ্ধান্ত মতে উপজেলা পরিষদের অধিক্ষেত্র/আওতাধীন ছোট ছোট খালের তালিকা এবং উক্ত খালগুলো ড্রেজিং করতে কি পরিমাণ জনবল ও যন্ত্রপাতি/ড্রেজার-এর প্রয়োজন হবে তার তথ্যাদি এ বিভাগকে অবহিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব,

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

প্রধান প্রকৌশলী

এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সহকারী সচিব, সমন্বয় ও কাউন্সিল শাখা, স্থানীয় সরকার বিভাগ।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।